"Working Today To Shine Tomorrow"
BKMEA
Bangladesh Knitwear Manufacturers & Exporters Association

বিকেএমইএঃ ৭০০/০১/২০২৬/১৪
২২ জানুয়ারী ২০২৬

# সম্মানিত সকল সদস্যদের জন্য

**বিষয়: যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর (RJSC)-এর সকল রাজস্ব (ফিস, ভ্যাট ও স্ট্যাম্প ডিউটি) এ-চালানের মাধ্যমে প্রদান প্রসঙ্গে।**

**সম্মানিত সদস্যবৃন্দ,**

আপনাদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, যৌথ মূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর (RJSC) গ্রাহকসেবা সহজিকরণের লক্ষ্যে একটি নতুন পরিপত্র জারি করেছে (স্মারক নম্বর: ২৬.০৬.০০০০.০০২.০১.০৭২.১৯.৩১, তারিখ: ১৫ জানুয়ারি ২০২৬)। উক্ত পরিপত্র অনুযায়ী এখন থেকে আরজেএসসি-এর সকল প্রকার রাজস্ব (ফিস, ভ্যাট ও স্ট্যাম্প ডিউটি) আবশ্যিকভাবে **এ-চালান (A-Challan)** এর মাধ্যমে জমা প্রদান করতে হবে ।

এ বিষয়ে নিম্নোক্ত নির্দেশনাগুলো অত্যন্ত গুরুত্বের সাথে পালন করার জন্য অনুরোধ করা হলো:

১. **পেমেন্ট পদ্ধতি:** আরজেএসসি-এর সকল ফিস, ভ্যাট ও স্ট্যাম্প ডিউটি শুধুমাত্র আরজেএসসি'র অনলাইন সিস্টেমের নির্ধারিত পদ্ধতিতে এ-চালানের মাধ্যমে জমা দিতে হবে ।

২. **পুরাতন পদ্ধতির সময়সীমা:** বিদ্যমান পদ্ধতিতে ফিস প্রদানের মাধ্যমগুলো (যেমন: নির্ধারিত ব্যাংক, বিকাশ, নগদ এবং পেমেন্ট গেটওয়ে) আগামী **৩১ জানুয়ারি ২০২৬** তারিখ পর্যন্ত চালু থাকবে। উক্ত তারিখের পর এসব মাধ্যমে আর কোনো রাজস্ব গ্রহণ করা হবে না ।

Head Office : BKMEA Bhaban, Chasara, Narayanganj-1400, Bangladesh.
Phone : +880 2 224437646, E-mail : info@bkmea.com
Dhaka Office : Planners Tower (4th Floor), 13/A, Sonargaon Road, Banglamotor, Dhaka-1000, Bangladesh.
Phone : +880 2 223362257, E-mail : info@bkmea.com
Chattogram Office : S. Alam Center (3rd Floor) 58, Agrabad C/A, Chottogram, Bangladesh.
Phone : +88 02 333324342, +88 02 333324345, +02 333324726, E-mail : bkmeactg@bbts.net
Log on : www.bkmea.com

৩. **হার্ডকপি দাখিল:** রিটার্ন দাখিলের ক্ষেত্রে, যেই তারিখে এ-চালানে রাজস্ব জমা প্রদান করা হবে, **সেই দিনই** রিটার্নের হার্ড কপি আরজেএসসি'র কাউন্টারে দাখিল করতে হবে। অন্যথায়, আইন অনুযায়ী রাজস্ব হার পরিবর্তন হলে পরবর্তীতে উক্ত হার্ডকপি আর গ্রহণ করা হবে না ।

৪. **গাইডলাইন:** এ-চালানে রাজস্ব জমা প্রদান সংক্রান্ত বিস্তারিত গাইড লাইন আরজেএসসি-এর ওয়েবসাইট (www.roc.gov.bd)-এ পাওয়া যাবে ।

এমতাবস্থায়, ব্যবসায়িক কার্যক্রম নিরবচ্ছিন্ন রাখতে সকল সদস্য প্রতিষ্ঠানকে আগামী ৩১ জানুয়ারি ২০২৬-এর মধ্যে নতুন পদ্ধতির সাথে অভ্যস্ত হওয়ার এবং উল্লিখিত নির্দেশনা মেনে চলার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,

**মোঃ মাহাবুবুর রহমান**
সচিব (ভারপ্রাপ্ত)

**সংযুক্ত:** যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর কর্তৃক জারিকৃত পরিপত্র।